## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- হজ্জ বীমা (লাভসহ)
- প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- মেয়াদী বীমা (লাভসহ)
- ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- একক প্রিমিয়াম বীমা (লাভসহ)
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম
- সামাজিক নিরাপত্তা বীমা (লাভসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

"সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মুল উদ্দেশ্য।"

## প্রগতিশীল মেয়াদী বীমা (লাভসহ) (টেবিল-০৪)
## Progressive Premium Policy (With Profit) (Table-04)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd



প্রগতিশীল মেয়াদী বীমা (লাভসহ) (টেবিল-০৪)
Progressive Premium Policy (With Profit) (Table-04)





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

## তালিকা-০৪
## প্রগতিশীল মেয়াদী বীমা (লাভসহ)

### ভূমিকা:
এই পরিকল্পনার মাধ্যমে অপেক্ষাকৃত কম প্রিমিয়ামে বড় অঙ্কের বীমা গ্রহণের সুযোগ পাওয়া যায়। কর্মজীবনের প্রারম্ভে যুবক-যুবতীগণ এই বীমাকেই পছন্দ করেন। সাধারণত: বীমার প্রথম পাঁচ বছর কম হারে প্রিমিয়াম দিতে হয় বিধায় কর্মজীবনের যখন আয় উল্লেখযোগ্যভাবে বেড়ে যায় তখন অপেক্ষাকৃত বর্ধিতহারে প্রিমিয়াম দিতে হয়।

### যাদের জন্য উপযোগী:
সদ্য কর্মজীবনে প্রবেশ করা বিভিন্ন পদে কর্মরত ব্যক্তিবর্গ, ব্যবসায়ীগণ, প্রবাসীগণ অথবা অন্যান্য পেশাজীবি। যারা দীর্ঘ মেয়াদী সঞ্চয় ও বিনিয়োগে আগ্রহী তাদের জন্যই প্রগতিশীল মেয়াদী বীমা।

### বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:
- প্রবেশকালীন বয়স: সর্বনিম্ন ২০ বছর এবং সর্বোচ্চ ৫০ বছর ।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: ষান্মাসিক ও বার্ষিক।
- বীমার মেয়াদান্তে বোনাসসহ বীমাকৃত টাকা প্রদান।
- সাধারণভাবে বীমাগ্রাহকের ৭০ বছর বয়স পর্যন্ত প্রিমিয়াম প্রদান করতে হবে।
- বীমাগ্রাহক বীমা গ্রহণের পাঁচ বছর পরে, পরবর্তী কালে বর্ধিতহারে প্রিমিয়াম প্রদান সাপেক্ষে বীমার মেয়াদ কমিয়ে নিতে পারবেন।
- রূপান্তর করার সময় বীমার বাকী মেয়াদ কমপক্ষে ১০ বছরের হতে হবে।
- মেয়াদ পরিবর্তন করার এই বিশেষ সুবিধা বীমাগ্রাহক গ্রহণ না করলে, বীমা গ্রাহকের ৭০ বছর বয়সে বীমাটি মেয়াদপূর্তি লাভ করবে।
- পাঁচ বছরের আগে বা তার পরে রূপান্তর করা যাবে। সেক্ষেত্রে পরিবর্তিত প্রিমিয়ামের হার কর্পোরেশনের অফিস থেকে অনুরোধ-ক্রমে পাওয়া যাবে।
- রূপান্তর করার সময় ডাক্তারী পরীক্ষার প্রয়োজন নেই।
- মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে অর্জিত বোনাসসহ বীমাকৃত টাকা প্রদান করা হয়।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যায়।
- এই বীমার সাথে কোন অতিরিক্ত বীমা সুবিধা গ্রহণ করা যাবে না।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

## তালিকা-০৪
## প্রগতিশীল মেয়াদী বীমা (লাভসহ)
### (প্রতি হাজার বীমা অংকের জন্য প্রদেয় বার্ষিক প্রিমিয়ামের হার)

| নিকটতম জন্মদিনে বয়স | প্রথম পাঁচ বছরের এবং পরবর্তীকালে মেয়াদ পরিবর্তন না হলে প্রিমিয়ামের হার | প্রথম পাঁচ বছর পরে মেয়াদ পরিবর্তন করার অধিকার খাটানো সাপেক্ষে পরিবর্তিত প্রিমিয়ামের হার | | |
|---|---|---|---|---|
| | | ১৫ | ১৮ | ২১ |
| ২০ | ২২.৪০ | ১০৯.২০ | ৮২.৮০ | ৬৬.১০ |
| ২১ | ২২.৯০ | ১০৯.০০ | ৮২.৭০ | ৬৬.১০ |
| ২২ | ২৩.৪০ | ১০৮.৮০ | ৮২.৬০ | ৬৬.০০ |
| ২৩ | ২৩.৯০ | ১০৮.৬০ | ৮২.৫০ | ৬৬.০০ |
| ২৪ | ২৪.৪০ | ১০৮.৪০ | ৮২.৩০ | ৬৫.৯০ |
| ২৫ | ২৫.০০ | ১০৮.১০ | ৮২.১০ | ৬৫.৯০ |
| ২৬ | ২৫.৬০ | ১০৭.৮০ | ৮১.৯০ | ৬৫.৮০ |
| ২৭ | ২৬.২০ | ১০৭.৫০ | ৮১.৭০ | ৬৫.৮০ |
| ২৮ | ২৬.৯০ | ১০৭.১০ | ৮১.৫০ | ৬৫.৭০ |
| ২৯ | ২৭.৬০ | ১০৬.৭০ | ৮১.৩০ | ৬৫.৭০ |
| ৩০ | ২৮.৪০ | ১০৬.৩০ | ৮১.০০ | ৬৫.৬০ |
| ৩১ | ২৯.৪০ | ১০৫.৮০ | ৮০.৭০ | ৬৫.৬০ |
| ৩২ | ৩০.৪০ | ১০৫.৩০ | ৮০.৪০ | ৬৫.৫০ |
| ৩৩ | ৩১.৫০ | ১০৪.৮০ | ৮০.১০ | ৬৫.৫০ |
| ৩৪ | ৩২.৭০ | ১০৪.৩০ | ৭৯.৮০ | ৬৫.৪০ |
| ৩৫ | ৩৩.৯০ | ১০৩.৮০ | ৭৯.৫০ | ৬৫.৩০ |
| ৩৬ | ৩৫.২০ | ১০৩.৩০ | ৭৯.২০ | ৬৫.১০ |
| ৩৭ | ৩৬.৬০ | ১০২.৮০ | ৭৮.৯০ | ৬৪.৯০ |
| ৩৮ | ৩৮.০০ | ১০২.৩০ | ৭৮.৬০ | ৬৪.৭০ |
| ৩৯ | ৩৯.৫০ | ১০১.৮০ | ৭৮.৩০ | ৬৪.৫০ |
| ৪০ | ৪১.৪০ | ১০১.২০ | ৭৮.০০ | ৬৪.৩০ |
| ৪১ | ৪২.৯০ | ১০০.৬০ | ৭৭.৭০ | ৬৪.১০ |
| ৪২ | ৪৪.৭০ | ১০০.০০ | ৭৭.৪০ | ৬৩.৯০ |
| ৪৩ | ৪৬.৭০ | ৯৯.৪০ | ৭৭.১০ | ৬৩.৭০ |
| ৪৪ | ৪৮.৮০ | ৯৮.৮০ | ৭৬.৭০ | ৬৩.৫০ |
| ৪৫ | ৫১.০০ | ৯৮.২০ | ৭৬.৩০ | ৬৩.২০ |
| ৪৬ | ৫৩.৫০ | ৯৭.৬০ | ৭৫.৯০ | ৬২.৯০ |
| ৪৭ | ৫৬.১০ | ৯৭.০০ | ৭৫.৫০ | ৬২.৬০ |
| ৪৮ | ৫৮.৯০ | ৯৬.৩০ | ৭৫.১০ | ৬২.৩০ |
| ৪৯ | ৬২.০০ | ৯৫.৬০ | ৭৪.৭০ | ৬২.০০ |
| ৫০ | ৬৫.৩০ | ৯৪.৯০ | ৭৪.৩০ | |

### উদাহরণ:
২৫ বছর বয়সের একজন ব্যক্তি ১০,০০,০০০/- টাকার ১টি 'প্রগতিশীল মেয়াদী বীমা (লাভসহ)' জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবীর হিসাব নিম্নরূপ:

**(ক) প্রথম ৫ বছরের এবং পরবর্তী কালে মেয়াদ পরিবর্তন না হলে প্রিমিয়ামের হার:**
(২৫.০০-৪)×১০০০=২১,০০০/- টাকা।
মোট প্রদেয় প্রিমিয়াম: ২১,০০০×৪৫ = ৯,৪৫,০০০/- টাকা।
মেয়াদ শেষে বোনাসসহ প্রাপ্য:
১০,০০,০০০ + (৬২×৪৫×১০০০)= ৩৭,৯০.০০০/- টাকা।
মেয়াদপূর্তীর পূর্বে বীমাগ্রাহক মারা গেলে অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক নমীনিকে প্রদান করা হবে।

**(খ) প্রথম ৫ বছর পরে মেয়াদ পরিবর্তন করে ১৮ বছর করা হলে:**
**প্রথম ৫ বছরের জন্য প্রিমিয়ামের হার:**
(২৫.০০-৪)×১০০০ = ২১,০০০/- টাকা।
**পরবর্তী ১৩ বছরের জন্য প্রিমিয়ামের হার:**
(৮২.১০-৪)×১০০০=৭৮,১০০/- টাকা।
মোট প্রদেয় প্রিমিয়াম: ১,০০০×৫+৭৮,১০০×১৩=১১,২০,৩০০/- টাকা
মেয়াদ শেষে বোনাসসহ প্রাপ্যঃ
১০,০০০,০০০+(৫২×১৮×১০০০)= ১৯,৩৬,০০০/- টাকা।

মেয়াদপূর্তীর পূর্বে বীমাগ্রাহক মারা গেলে অর্জিত বোনাসসহ মূল বীমা অংক নমিনিকে প্রদান।

### দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:
**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**
১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**
দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি: ১।বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটেকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬। কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়নপত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মুদ্রণ: ০১/০৬/২০২৩